দৈনিক ইত্তেফাক

13 JAN 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# নগরীর স্কুলগুলিতে একই কথা ঃ ঠাঁই নাই

।। রেজানুর রহমান ।।

মহানগরীতে স্কুলগামী ছাত্র-ছাত্রীদের ভর্তি সমস্যা প্রকট হইয়া উঠিয়াছে। বিশেষ করিয়া নাম করা স্কুলসমূহে ভর্তি সমস্যা তীব্র আকার ধারন করিয়াছে। গতকাল (শনিবার) নগরীর ৮টি স্কুলে খোঁজ নিয়া দেখা যায়, মোট ১ হাজার ৪৫২টি আসনের জন্য ১৩ হাজার ৬১৭টি আবেদনপত্র বিক্রি হইয়াছে।

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নগরীর স্কুল

(১ম পৃঃ পর)

স্কুলগুলিতে ভর্তি ফরমের দামের ব্যাপারে কোন সীমানা নির্ধারিত নাই। কোন স্কুলে ফরম ৩০ টাকায় আবার কোন স্কুলে ৬০ টাকায় পর্যন্ত বিক্রি হইতেছে।

মতিঝিল এলাকার আইডিয়াল হাইস্কুলের ২২৫টি আসনে মোট ফরম বিক্রি হইয়াছে ৩ হাজার ৭৩৭টি। ইহার মধ্যে শুধু তৃতীয় শ্রেণীর ৩০টি আসনের জন্য প্রার্থী হইতেছে ১ হাজার ২৬৫ জন।

মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়ে ৬ষ্ঠ ও প্রথম শ্রেণীর ১৩০টি আসনে ১ হাজার ৭৬১টি আবেদনপত্র জমা পড়িয়াছে। ১১ই জানুয়ারী ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা হয়। পরীক্ষায় মাত্র ৫০টি আসনে প্রার্থী ছিল ৮৬১ জন। প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামীকাল সোমবার। এই পরীক্ষায় ৮০টি আসনে গতকাল পর্যন্ত ৮৯০টি ফরম বিক্রি হইয়াছে।

মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে গতকাল পঞ্চম ও ষষ্ঠশ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পঞ্চম শ্রেণীর ৯০টি আসনে ৪৭০ জন, ৬ষ্ঠ শ্রেণীর ৬০টি আসনে ৪৮০ জন পরীক্ষা দিয়াছে। আজ (রবিবার) ৭ম শ্রেণীর ২০টি আসনে ২ শত জন, ৮ম শ্রেণীর ১৫টি আসনে ১৪০ জন ভর্তি পরীক্ষা দিবে।

উদয়ন স্কুলে ইতিমধ্যে শিশু শ্রেণীর পরীক্ষা হইয়াছে। পরীক্ষায় ১৭০টি আসনে ভর্তি প্রার্থী ছিল ৮৩৫ জন। উদয়ন স্কুলে প্রথম হইতে ৮ম শ্রেণীর ভর্তি পরীক্ষা ১৬ই জানুয়ারী, কেজি ক্লাসের ভর্তি পরীক্ষা ১৫ই জানুয়ারী হইবে। উদয়নের কোন শ্রেণীতে কতটি আসন রহিয়াছে, স্কুলের প্রধান শিক্ষিকা এই তথ্য দিতে পারেন নাই। গতকাল আবেদন-পত্র সংগ্রহের শেষ দিনে প্রায় ১৬ শত আবেদনপত্র বিক্রি হইয়াছে।

গভঃ ল্যাবরেটরী হাইস্কুলের প্রথম, ৬ষ্ঠ ও নবম শ্রেণীর ১৪২টি আসনে মোট ২৪ শত আবেদন-পত্র বিক্রি হইয়াছে। ইহার মধ্যে প্রথম শ্রেণীর ৯০টি আসনে প্রার্থী ১৩ শত।

বাংলা বাজার উচ্চ বালিকা বিদ্যালয়ে গতকাল শুধু ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় ১২০টি আসনে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৮০ জন।

নবাবপুর গভঃ হাইস্কুলে আগামীকাল (সোমবার) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এই স্কুলে দ্বিতীয়, ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম ও নবম শ্রেণীর মোট ১৭৬টি আসনের জন্য ৬৯৩টি আবেদনপত্র বিক্রি হইয়াছে।

ভিখারুননেসা নুন স্কুলের প্রথম শ্রেণীর মর্নিং শিফট শাখার ভর্তি পরীক্ষা ইতিমধ্যে অনুষ্ঠিত হইয়াছে। এই শিফটে ১৫২টি আসনের জন্য ৯৭১ জন ভর্তি পরীক্ষা দিয়াছে। আগামীকাল (সোমবার) একই শ্রেণীর ডে শিফটের পরীক্ষায় ১৫২টি আসনে ১ হাজার ৪৫০ জন প্রার্থী অংশ নিবে।

শাহীন স্কুলে গতকাল হইতে ভর্তি ফরম বিক্রি শুরু হইয়াছে। এই স্কুলে কেজি শ্রেণীতে ১২০টি আসন ও প্রথম শ্রেণীতে ১৫২টি আসন রহিয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুলে অদ্যাবধি ফরম বিক্রি শুরু হয় নাই। ১৯শে জানুয়ারী হইতে ফরম বিক্রি শুরু হইবে।

প্রতি বছর নগরীতে মূলতঃ প্রথম শ্রেণী ও ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা প্রকট হইয়া দেখা দেয়। অভিভাবকেরা সকলেই ছোটেন ভাল স্কুলে। প্রথম বছর ব্যর্থ হইয়া পরের বছর ভাল স্কুলে ভর্তি হওয়ার চেষ্টা করেন অনেকে। ফলে প্রতিবছর ভাল স্কুলে চাপ অব্যাহত থাকে। অপরদিকে অনেক স্কুলে আসন পূরণের জন্য কর্তৃপক্ষ একাধিক-বার ভর্তি পরীক্ষার ব্যবস্থা করেন। মোহাম্মদপুর গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা জানান, চলতি বছর বিচ্ছিন্নভাবে ভর্তির তারিখ ঘোষিত হওয়ায় "কয়েকটি স্কুলে ভর্তির চাপ বেশী পড়িয়াছে। এই স্কুলগুলিতে ভর্তি শেষ হইলে অন্যান্য স্কুলে ভর্তির চাপ সৃষ্টি হইবে।